প্রথম আলো

তারিখ 31 JUL 2009
পৃষ্ঠা ১৮ কলাম ৮

বরিশাল শিক্ষা বোর্ড

# স্থগিত ফলাফল প্রকাশ বেড়েছে পাসের হার

বরিশাল অফিস ●

বরিশাল শিক্ষা বোর্ডের অধীন অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষার স্থগিত রাখা বিভিন্ন কলেজের ১৫৭ শিক্ষার্থীর ফল গতকাল বৃহস্পতিবার প্রকাশ করা হয়েছে। এর ফলে বোর্ডের পাসের হার ও জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যাও বেড়েছে।

ফল স্থগিত থাকা ১৫৭ জনের মধ্যে ৬০ জন উত্তীর্ণ হয়েছেন। এর মধ্যে জিপিএ-৫ পেয়েছেন তিনজন। অকৃতকার্য হয়েছেন ৩১ জন; অনুপস্থিত ছিলেন ৬৬ জন। সব মিলিয়ে বরিশাল শিক্ষা বোর্ডে পাস করেছেন ২০ হাজার ৩২ জন। পাসের হার ৬৭ দশমিক ৪০ এবং জিপিএ-৫ পেয়েছেন ৫৭৭ জন। ২৫ জুলাই ঘোষিত ফলাফলে পাস করেছিলেন ১৯ হাজার ৯৭২ জন; পাসের হার ছিল ৬৭ দশমিক ২০ এবং জিপিএ-৫ পেয়েছিলেন ৫৭৪ জন।

এ বিষয়ে বরিশাল শিক্ষা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক মোহাম্মদ শাহে আলমগীর হোসেন বলেন, দ্রুততর সময়ে ফল প্রকাশের কারণে একটু সমস্যা হওয়ায় কিছুসংখ্যক শিক্ষার্থীর ফল স্থগিত রাখতে হয়েছিল।